

**নিয়োগ বিজ্ঞপ্তি**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' প্রকল্পের খানা তালিকা লিস্টিং অপারেশন কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র রায়গঞ্জ উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	পদ সংখ্যা	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	৪১	১) ন্যূনতম স্মার্টফোন পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) স্মার্টফোনে বাংলা ও ইংরেজি টাইপিং এ পারদর্শী হতে হবে। ৬) ০১/০২/২০২০ তারিখে বয়স ২২-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৭) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৮) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার/গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী	২১৭	১) ন্যূনতম এইচএসসি/সমমানের পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) স্মার্টফোনে বাংলা ও ইংরেজি টাইপিং এ পারদর্শী হতে হবে। ৬) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৭) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৮) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

**শর্তাবলী:**

- ১) উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট ([bbs.raigonj.sirajganj.gov.bd](http://bbs.raigonj.sirajganj.gov.bd)) অথবা ([raigonj.sirajganj.gov.bd](http://raigonj.sirajganj.gov.bd)) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।
- ২) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকার তথ্য সংগ্রহ করতে হবে।
- ৩) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- ৪) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৫) লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ৬) লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ৭) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
- ৮) সকল পদের আবেদন ফরম এর সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (যদি থাকে), ১ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্তকরে বদ্ধ খামের উপর ডান পার্শ্ব পদের নাম উল্লেখপূর্বক আগামী ২০/০১/২০২০ খি: তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- ৯। স্বাক্ষরকার গ্রহণের মাধ্যমে উপযুক্ত প্রার্থী বাছাই করা হবে। প্রয়োজনে লিখিত পরিষ্কার নেওয়া হবে।
- ১০) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ১১) শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে ও ওয়েব সাইটে এ প্রকাশ করা হবে।
- ১২) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- ১৩) পদসংখ্যা কম বেশি হতে পারে।
- ১৪) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
০৫/০১/২০২০

(মোঃ শামীমুর রহমান)  
উপজেলা নির্বাহী অফিসার  
রায়গঞ্জ, সিরাজগঞ্জ

ও

সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর  
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি  
রায়গঞ্জ, সিরাজগঞ্জ

জনশুমারি ও গৃহগণনা আবেদন ফরম

পাসপোর্ট সাইজের ১ কপি  
সত্যায়িত ছবি

বরাবর,  
উপজেলা নির্বাহী অফিসার  
রায়গঞ্জ, সিরাজগঞ্জ

পদের নামঃ ..... পদে আবেদন।

১.	প্রার্থীর নাম	ইংরেজি বড় অক্ষরে	:	
২.	পিতার নাম	ইংরেজি বড় অক্ষরে	:	
৩.	মাতার নাম:	ইংরেজি বড় অক্ষরে	:	
৪. বর্তমান ঠিকানা (ইংরেজি বড় অক্ষরে)	C/O	:		
	VILLAGE	:		
	POST OFFICE	:		
	UNION/ POURASHAVA	:		
	UPAZILLA	:		
৫.	জাতীয় পরিচয়পত্র নম্বর না থাকলে জন্ম নিবন্ধন নম্বর ( ইংরেজিতে)	:		
৬.	জন্ম তারিখ (ইংরেজিতে)	:		
৭.	শুমারি/জরিপ কাজের অভিজ্ঞতা থাকলে শুমারি জরিপের নাম (একাধিক হলে একাধিক নাম লিখুন)	:		
৮.	মোবাইল নাম্বার (ইংরেজিতে)	:		
৯. নিজস্ব স্মার্ট ফোনের বিবরণ	ফোনের Android Version	:		
	ফোনের স্ক্রীন সাইজ	:		..... ইঞ্চি

১০. শিক্ষাগত যোগ্যতা

পরিষ্কার নাম	বিভাগ/বিষয়	জিপিএ/শ্রুতি	পাশের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

সংযুক্তিসমূহঃ

১. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।

২. জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি ও নাগরিক সনদপত্রের কপি।